

চাটখিল সরকারি কলেজের ছাত্র সংসদ নির্বাচন স্থগিত ছাত্রদলের হামলা ব্যাপক ভাঙচুর সড়ক অবরোধ

মোঃ আবু তৈয়ব, চাটখিল থেকে

চাটখিল পাচগাঁও সরকারি কলেজ কর্তৃপক্ষ সহিংসতার আশংকায় ৩০ অক্টোবর অনুষ্ঠিত কলেজ ছাত্র সংসদ নির্বাচন স্থগিত ঘোষণা করেছেন। কর্তৃপক্ষ একই সঙ্গে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণাও করেছেন। গতকাল ওক্টোবর সকালে কর্তৃপক্ষ এ ঘোষণা দেন। এ ঘোষণায় কলেজের সব ছাত্র সংগঠন ফুর্ত প্রতিক্রিয়া জানিয়েছে। ছাত্রদলের বিক্ষুব্ধ কর্মীরা উপজেলা বিএনপি ও ছাত্রদলের অফিস ভাঙচুর করে রক্তা অবরোধ করে রাখে। অপরপক্ষে নির্দিষ্ট সময়ে নির্বাচনের দাবিতে ছাত্রশিবির এবং ছাত্রলীগ সাংবাদিক সম্মেলন ও বিকোভ মিছিল করেছে। বর্তমানে চাটখিলে টানটান উত্তেজনা বিরাজ করছে।

জানা গেছে, গত ৮ অক্টোবর কলেজ কর্তৃপক্ষ ছাত্র সংসদের নির্বাচনী ইশতেহার ঘোষণার মাধ্যমে ৩০ অক্টোবর নির্বাচনের তারিখ ঘোষণা করেন। ঘোষণা মোতাবেক ছাত্রদল, ছাত্রশিবির ও ছাত্রলীগ গত ২১ অক্টোবর পৃথক প্যানেল স্তরে দেয়। কিন্তু নির্বাচনের মাত্র ৪ দিন বাকি থাকতে কলেজ কর্তৃপক্ষ গতকাল ওক্টোবর সকালে সংসদ নির্বাচন ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করলে ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বিকোভে ফেটে পড়েন। দুপুরে ছাত্রদলের বিক্ষুব্ধ নেতাকর্মীরা উপজেলা বিএনপি ও ছাত্রদলের অফিসে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করেন এবং ১ ঘণ্টা মহাসড়কে অবরোধ সৃষ্টি করে যান চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করেন। তবে পুলিশ এসে লাঠিচার্জ করে অবরোধকারীদের ছত্রভঙ্গ করে দিলে আবার যানবাহন চলাচলে শুরু করে। এদিকে ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করার প্রতিবাদে ছাত্রশিবির ওক্টোবর বিকালে চাটখিল প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করে নির্দিষ্ট

তারিখে নির্বাচন অনুষ্ঠানের দাবি জানায়। সাংবাদিক সম্মেলনে জেগা শিবির সভাপতি শাহাবউদ্দিন আরও জানান, দলীয় কোন্দলে ছাত্রদলের নির্বাচনে ভরাডুবি আশংকায় সরকার দলীয় নেতাদের চাপের মুখে কলেজ কর্তৃপক্ষ বিনা উত্থানিতে নির্বাচন স্থগিত করে দেন। সাংবাদিক সম্মেলনে শিবিরের ডিপি প্রার্থী মোর্শেদ আলম, জিএস প্রার্থী অল্যাউদ্দিন মাহমুদ, শিবির নেতা আবুল বারাকাত, ইউনুছ পাটওয়ারী ও ইউসুফ উপস্থিত ছিলেন। এছাড়া শিবির বিকালে পৌর সদরে নির্বাচনের দাবিতে বিকোভ মিছিল বের করে। চাটখিল সরকারি কলেজ ছাত্র সংসদ নির্বাচন স্থগিত করার প্রতিবাদে ছাত্রলীগ ও গতকাল ওক্টোবর সন্ধ্যায় চাটখিল প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করে। ছাত্রলীগ নেতারা দাবি করেন কলেজ সংসদ নির্বাচনে ছাত্রলীগের বিপুল বিজয়ে স্বীকৃতি হয়ে স্থানীয় সাংসদ অ্যাডভোকেট মাহবুবুর রহমানের নির্দেশে কর্তৃপক্ষ বিনা কারণে নির্বাচন স্থগিত ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে দেন। সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগ নেতা ডিপি প্রার্থী মঞ্জুর আলম সুমন, জিএস প্রার্থী জামিম উদ্দিন, দেলোয়ার হোসেন ডুহিন, মিজানুর রহমান ডিপি, আজাদ খান, ইমাম হোসেন গিগন, সাইমুন ইসলাম সূচন উপস্থিত ছিলেন।

অপরদিকে ছাত্রদল ছাত্র সংসদের নির্বাচন বানচালের জন্য কলেজ কর্তৃপক্ষকে দায়ী করে এবং সন্ধ্যায় এর প্রতিবাদে শহরে বিকোভ মিছিল করে। তারা অবিলম্বে কলেজ খুলে দেয়ার এবং নির্ধারিত তারিখে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের দাবি জানিয়েছে। এ ব্যাপারে চাটখিল সরকারি কলেজে গিয়ে কাউকে পাওয়া যায়নি। জানা গেছে, অধ্যক্ষ পুলিশ পাহারায় চাটখিল ত্যাগ করে তার নিজ বাড়ি চট্টগ্রামে চলে গেছেন। বর্তমানে চাটখিলে চরম উত্তেজনা বিরাজ করছে।